



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মেঘনা, কুমিল্লা

<http://food.meghna.comilla.gov.bd>  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



## বিজ্ঞপ্তি

এতদ্বারা মেঘনা উপজেলার খাদ্যশস্য আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার, খুচরা ব্যবসায়ীগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসআরও নং-১১২ ও এসআরও নং-১১৩ আইন/২০১১ Control of Essential Commodities Act.1956 (Act No.I of 1956) এর Section 3 এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী (Food Grain & Food Stuffs) ব্যবসার নতুন লাইসেন্স গ্রহন, নবায়ন ডুপ্লিকেট কপি ইস্যুর নির্দেশ প্রদানসহ উক্ত সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ন্ত্রণাধীন খাদ্যশস্য/ফুড স্টাফ মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করেছেন। উক্ত এসআরও এর মাধ্যমে লাইসেন্স ব্যতীত কোন ব্যবসায়ী ০১ (এক) মে. টন এর অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী তার বা তাদের অধিকারে বা নিয়ন্ত্রণে রাখতে পারবেন না মর্মে নির্দেশসহ নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিলের নির্দেশনা জারী করা হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত শ্রেণীর পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার, খুচরা ব্যবসায়ীকে খাদ্য বিভাগ থেকে লাইসেন্স গ্রহণ করত: নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১. এখানে উল্লেখ্য যে, বর্তমানে এ আইনের আওতায় লাইসেন্স ব্যতীত অবৈধভাবে ব্যবসা পরিচালনা করলে সংশ্লিষ্ট অত্যাৱশকীয় পণ্য আইন ১৯৫৬ এর ৬(১) ও (২) ধারা মতে ৩(তিন) বছরের জেল ও জরিমানাসহ মজুদ পণ্য বাজেয়াপ্ত করার বিধান রয়েছে।

২. সুতরাং এ শাস্তি ও ক্ষতি এড়াতে অবিলম্বে ১ (এক) মে:টন এর অধিক খাদ্যশস্য/পণ্য ব্যবসায়ীগণকে লাইসেন্স গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, মেঘনা, কুমিল্লায় যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

আবু সালেহ মোহাম্মদ ইমরান

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

মেঘনা, কুমিল্লা

ফোন:- ০১৬৭০৪৭০২২৬